রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**রবিবার, জুন ৩০, ২০২৪**

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১৬ আষাঢ়, ১৪৩১ মোতাবেক ৩০ জুন, ২০২৪

নিম্নলিখিত বিলটি ১৬ আষাঢ়, ১৪৩১ মোতাবেক ৩০ জুন, ২০২৪ তারিখে জাতীয় সংসদে উত্থাপিত হইয়াছে:—

**বা. জা. স. বিল নং ১২/২০২৪**

## ২০২৫ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদানের জন্য আনীত বিল

যেহেতু ২০২৫ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু, এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১)** এই আইন নির্দিষ্টকরণ আইন, ২০২৪ নামে অভিহিত হইবে।

(২) ইহা ১৭ আষাঢ়, ১৪৩১ বঙ্গাব্দ মোতাবেক ১ জুলাই, ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

২। **২০২৪-২০২৫ অর্থবৎসরের জন্য সংযুক্ত তহবিল হইতে ১২৪১৭৫২,৩২,০৯,০০০ (বারো লক্ষ একচল্লিশ হাজার সাতশত বায়ান্ন কোটি বত্রিশ লক্ষ নয় হাজার) টাকা প্রদান।**—২০২৫ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরে যেই সকল ব্যয় হইতে পারে সেই সকল ব্যয় নির্বাহের জন্য এই আইনের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যাদির বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত ১২৪১৭৫২,৩২,০৯,০০০ **(বারো লক্ষ একচল্লিশ হাজার সাতশত বায়ান্ন কোটি বত্রিশ লক্ষ নয় হাজার)** টাকার অনধিক পরিমাণ অর্থ সংযুক্ত তহবিল হইতে প্রদেয় ও ব্যয়যোগ্য হইবে।



**মূল্য :** টাকা ৮·০০

৩। **নির্দিষ্টকরণ।**—এই আইন দ্বারা সংযুক্ত তহবিল হইতে প্রদান করিবার ও ব্যয় নির্বাহের জন্য অনুমোদিত অর্থ ২০২৫ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরে এই আইনের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যের জন্য উহার বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত পরিমাণের অনধিক অর্থ নির্দিষ্ট করা হইল।

**তফসিল**

(ধারা ২ ও ৩ দ্রষ্টব্য)

**(অংকসমূহ হাজার টাকায়)**

| মঞ্জুরি নং | কার্য ও উদ্দেশ্যসমূহ | অনধিক টাকা | | |
|---|---|---|---|---|
| | হিসাবের প্রধান খাতসমূহ | সংযুক্ত তহবিলের উপর দায় | সংসদ কর্তৃক ভোটে গৃহীত | মোট |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | রাষ্ট্রপতির কার্যালয় | ৩৩,৪৫,৬৫ | ০ | ৩৩,৪৫,৬৫ |
| ০১ | জাতীয় সংসদ | ৩৪৪,৮৮,০০ | ২,২৫,০০ | ৩৪৭,১৩,০০ |
| ০২ | প্রধানমন্ত্রীর কার্যালয় | ০ | ৪৬০০,৪৩,৮৫ | ৪৬০০,৪৩,৮৫ |
| ০৩ | মন্ত্রিপরিষদ বিভাগ | ০ | ১২২,১৩,৬০ | ১২২,১৩,৬০ |
| | বাংলাদেশ সুপ্রীম কোর্ট | ২৪৭,৬৫,৯৫ | ০ | ২৪৭,৬৫,৯৫ |
| ০৪ | নির্বাচন কমিশন সচিবালয় | ৭৯৩,০৩,০০ | ৪৩৬,৮০,০০ | ১২২৯,৮৩,০০ |
| ০৫ | জনপ্রশাসন মন্ত্রণালয় | ০ | ৫৩৭৬,৫৮,০০ | ৫৩৭৬,৫৮,০০ |
| ০৬ | বাংলাদেশ সরকারি কর্ম কমিশন | ১০৫,০৩,০০ | ৬১,০০,০০ | ১৬৬,০৩,০০ |
| ০৭ | অর্থ বিভাগ | ৪৭৩৪৭০,৪৬,৬১ | ১৬৬৪২৫,৩১,৬৯ | ৬৩৯৮৯৫,৭৮,৩০ |
| | বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয় | ২৮৯,৬৯,০০ | ০ | ২৮৯,৬৯,০০ |

| মঞ্জুরি নং | কার্য ও উদ্দেশ্যসমূহ | অনধিক টাকা | | |
|---|---|---|---|---|
| | হিসাবের প্রধান খাতসমূহ | সংযুক্ত তহবিলের উপর দায় | সংসদ কর্তৃক ভোটে গৃহীত | মোট |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০৮ | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | ০ | ৩২১৭,৪৯,০০ | ৩২১৭,৪৯,০০ |
| ০৯ | আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | ০ | ৩৪১৭,৭৯,০০ | ৩৪১৭,৭৯,০০ |
| ১০ | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | ৫৬৯৯৯,৯৩,০০ | ৮০৮,০২,০০ | ৫৭৮০৭,৯৫,০০ |
| ১১ | পরিকল্পনা বিভাগ | ০ | ৬৪৯২,৩১,৮০ | ৬৪৯২,৩১,৮০ |
| ১২ | বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ | ০ | ১৯৪,৭২,৪০ | ১৯৪,৭২,৪০ |
| ১৩ | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | ০ | ৬৬২,০৮,০০ | ৬৬২,০৮,০০ |
| ১৪ | বাণিজ্য মন্ত্রণালয় | ০ | ৯৩১,৭৩,০০ | ৯৩১,৭৩,০০ |
| ১৫ | পররাষ্ট্র মন্ত্রণালয় | ০ | ১৭২৫,৯৬,১০ | ১৭২৫,৯৬,১০ |
| ১৬ | প্রতিরক্ষা মন্ত্রণালয় | ০ | ৪২৩১৪,৯১,৪৯ | ৪২৩১৪,৯১,৪৯ |
| ১৭ | সশস্ত্রবাহিনী বিভাগ | ০ | ৪৫,৯৫,০০ | ৪৫,৯৫,০০ |
| ১৮ | আইন ও বিচার বিভাগ | ০ | ২০২২,৪০,০০ | ২০২২,৪০,০০ |
| ১৯ | জননিরাপত্তা বিভাগ | ০ | ২৬৮৭৬,৬৯,৯৪ | ২৬৮৭৬,৬৯,৯৪ |
| ২০ | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | ০ | ৪৪,৫৫,১০ | ৪৪,৫৫,১০ |

| মঞ্জুরি নং | কার্য ও উদ্দেশ্যসমূহ | অনধিক টাকা | | |
|---|---|---|---|---|
| | হিসাবের প্রধান খাতসমূহ | সংযুক্ত তহবিলের উপর দায় | সংসদ কর্তৃক ভোটে গৃহীত | মোট |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ২১ | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | ০ | ৩৮৮১৯,২৭,০০ | ৩৮৮১৯,২৭,০০ |
| ২২ | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | ০ | ৪৪১০৮,৩৪,০০ | ৪৪১০৮,৩৪,০০ |
| ২৩ | বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | ০ | ১৩৫৭২,৮২,০০ | ১৩৫৭২,৮২,০০ |
| ২৪ | স্বাস্থ্য সেবা বিভাগ | ০ | ৩০১২৫,১৮,৯৫ | ৩০১২৫,১৮,৯৫ |
| ২৫ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | ০ | ২৮৭২,২৮,০০ | ২৮৭২,২৮,০০ |
| ২৬ | সমাজকল্যাণ মন্ত্রণালয় | ০ | ১২৮৬৯,৪০,০০ | ১২৮৬৯,৪০,০০ |
| ২৭ | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | ০ | ৫২২২,১৯,৬২ | ৫২২২,১৯,৬২ |
| ২৮ | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | ০ | ৪৬২,৭৮,০০ | ৪৬২,৭৮,০০ |
| ২৯ | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | ০ | ৬৯২৮,৯৯,০০ | ৬৯২৮,৯৯,০০ |
| ৩০ | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় | ০ | ১১০৭,৯০,০০ | ১১০৭,৯০,০০ |
| ৩১ | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | ০ | ৭৭৮,৮৬,০০ | ৭৭৮,৮৬,০০ |
| ৩২ | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | ০ | ২৬০২,০৪,০০ | ২৬০২,০৪,০০ |
| ৩৩ | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | ০ | ২২১১,৯৫,০০ | ২২১১,৯৫,০০ |
| ৩৪ | স্থানীয় সরকার বিভাগ | ০ | ৪৫২০৫,৫৫,০০ | ৪৫২০৫,৫৫,০০ |
| ৩৫ | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | ০ | ১৩৪৬,৪২,০০ | ১৩৪৬,৪২,০০ |

| মঞ্জুরি নং | কার্য ও উদ্দেশ্যসমূহ | অনধিক টাকা | | |
|---|---|---|---|---|
| | হিসাবের প্রধান খাতসমূহ | সংযুক্ত তহবিলের উপর দায় | সংসদ কর্তৃক ভোটে গৃহীত | মোট |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৩৬ | শিল্প মন্ত্রণালয় | ০ | ২৫০৯,৫৮,০০ | ২৫০৯,৫৮,০০ |
| ৩৭ | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | ০ | ১২১৭,২৪,০০ | ১২১৭,২৪,০০ |
| ৩৮ | বস্ত্র ও পাট মন্ত্রণালয় | ০ | ৫৭৪,৩৮,০০ | ৫৭৪,৩৮,০০ |
| ৩৯ | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | ০ | ১০৮৬,৫৫,০০ | ১০৮৬,৫৫,০০ |
| ৪০ | কৃষি মন্ত্রণালয় | ০ | ২৭২১৪,৩১,০০ | ২৭২১৪,৩১,০০ |
| ৪১ | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | ০ | ৪২৮৮২৪,০৪ | ৪২৮৮২৪,০৪ |
| ৪২ | পরিবেশ, বন ও  জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | ০ | ২১৩০,৪৫,০০ | ২১৩০,৪৫,০০ |
| ৪৩ | ভূমি মন্ত্রণালয় | ০ | ২৫০৪,৮০,২৪ | ২৫০৪,৮০,২৪ |
| ৪৪ | পানি সম্পদ মন্ত্রণালয় | ০ | ১১১৯৩,৬৩,৬৩ | ১১১৯৩,৬৩,৬৩ |
| ৪৫ | খাদ্য মন্ত্রণালয় | ০ | ২৩৩১৫,৯৬,৫৯ | ২৩৩১৫,৯৬,৫৯ |
| ৪৬ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | ০ | ১১০০২,৯৬,৯৭ | ১১০০২,৯৬,৯৭ |
| ৪৭ | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | ১০,০০,০০ | ৩৮১৩৩,২৮,৫০ | ৩৮১৪৩,২৮,৫০ |
| ৪৮ | রেলপথ মন্ত্রণালয় | ০ | ১৮০৭২,১০,১৫ | ১৮০৭২,১০,১৫ |

| মঞ্জুরি নং | কার্য ও উদ্দেশ্যসমূহ | অনধিক টাকা | | |
|---|---|---|---|---|
| | হিসাবের প্রধান খাতসমূহ | সংযুক্ত তহবিলের উপর দায় | সংসদ কর্তৃক ভোটে গৃহীত | মোট |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৪৯ | নৌ পরিবহন মন্ত্রণালয় | ০ | ১১২৭০,৪১,০০ | ১১২৭০,৪১,০০ |
| ৫০ | বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় | ০ | ৫৬৯৫,১১,০০ | ৫৬৯৫,১১,০০ |
| ৫১ | ডাক ও টেলিযোগাযোগ বিভাগ | ০ | ২৪২০,০০,৫০ | ২৪২০,০০,৫০ |
| ৫২ | পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় | ০ | ১৩৯৯,৫৮,৮৩ | ১৩৯৯,৫৮,৮৩ |
| ৫৩ | বিদ্যুৎ বিভাগ | ০ | ২৯২২৯,৯২,৫০ | ২৯২২৯,৯২,৫০ |
| ৫৪ | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | ০ | ৭৪৭৪,৩৩,০০ | ৭৪৭৪,৩৩,০০ |
| ৫৫ | দুর্নীতি দমন কমিশন | ১৭৯,৩০,০০ | ১২,০০,০০ | ১৯১,৩০,০০ |
| ৫৬ | সেতু বিভাগ | ০ | ৭৩১৮,১০,০০ | ৭৩১৮,১০,০০ |
| ৫৭ | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | ০ | ১১৭৮৩,৪৪,০০ | ১১৭৮৩,৪৪,০০ |
| ৫৮ | সুরক্ষা সেবা বিভাগ | ০ | ৪১৩৬,৮৮,৩৯ | ৪১৩৬,৮৮,৩৯ |
| ৫৯ | স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ | ০ | ১১২৮২,৪৪,০০ | ১১২৮২,৪৪,০০ |
| | **মোট মঞ্জুরি ও বরাদ্দের দাবি** | **৫৩২৪৭৩,৪৪,২১** | **৭০৯২৭৮,৮৭,৮৮** | **১২৪১৭৫২,৩২,০৯** |

# উদ্দেশ্য ও কারণ সংবলিত বিবৃতি

এই বিলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংযুক্ত তহবিলের উপর দায়যুক্ত ব্যয় নির্বাহের নিমিত্ত এবং ২০২৫ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরের জন্য সরকারের অনুমিত ব্যয় সম্পর্কে জাতীয় সংসদ কর্তৃক প্রদত্ত মঞ্জুরিসমূহের বিপরীতে সংযুক্ত তহবিল হইতে প্রয়োজনীয় অর্থ নির্দিষ্টকরণের বিধান করিতে চাওয়া হইয়াছে।

**আবুল হাসান মাহমুদ আলী**
ভারপ্রাপ্ত মন্ত্রী।

---

**কে, এম, আব্দুস সালাম**
সিনিয়র সচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব) বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd